

তাহের ম. শায়েখ

wbi wMadkYkvtb cRvcwZ

নষ্ট করেছি নষ্ট না করার সময় যত!
কতবার উদ্বীষ অনুগামী
ডিঙ্গিয়েছে; না ধন্যবাদ, না হাসি স্মিত,
করুনায় উৎরে যেতে চাইনি কোনদিন
অস্বচ্ছল সমুদ্রে ডুবাইনি সংযম-ভেলা

নিরবেই হয়ে যায় চরম জুয়াটা খেলা;

অসর্তকে পড়ে থাকা ব্যথিত আচল
অভিমानी ধার ধারে না-
গডডালিকা গ্রাস করে স্মৃতির কাহ্ন:
ওউদ-আতর গায় মেখে গেছে ছুটে নদ্ব টানে
চিবুকে স্বেদ সিক্ত চুলের ঘ্রান শুকে,
কেপে উঠা উপত্যকায় খিলখিলিয়ে
নতুন জলে হাস্যরসের পা ডুবিয়ে
মুখোমুখি বসে থাকে
ভালোবাসার উন্দি প্রজাপতি
বুঝে না কি তার মতি গতি!
না ফোটা কলির সুবাস যেমন, রোদ্দালিঙ্গনে মেঘ যেমন
দমকা হাওয়ার নৃত্যমন্ত বসন;

প্রদোষ সময়- অহিংস জ্বালি সংগোপনে নিরগ্নি শ্মশানে

তোমার বুকে অহরহ মুখ যে রাখে
অবসন্ন বিকেলে, ঝিমোয় নিশ্চকাম সৌষ্ঠব নিতম্ব-ওমে,
অলক-সৌরভে অমাতাল, চুমে অধর-ওষ্ঠ কতবার রাতদিন!!
প্রিয় কবিতার বই,
আরাম কেদারা,
তুলতুলে বালিশটা;
কুণ্ডিলের মগ
ওষ্ঠ-রঞ্জনী, হাত ঘড়িটা,
গলার চেইন, চেনের লকেট,
উপত্যকায় লুকিয়ে রাখা;
রুপার পায়ের, চুলের ব্যান
ব্রা'র হুক, নাকের নোলেক, কানের তা,
অবজ্ঞার নির্মম ডাঙশ, স্মৃতিরঙ্গিন ।